# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৯২

৬/ সফর (أَبْوَابُ السَّفَرِ)

পরিচ্ছেদঃ সালাতের শুরুতে দাঁড়িয়ে ইমামের অপেক্ষা করা মাকরূহ।

باب كَرَاهِيَةِ أَنْ يَنْتَظِرَ النَّاسُ الإِمَامَ وَهُمْ قِيَامٌ عِنْدَ افْتِتَاحِ الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدٍ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا أُقِيمَتِ الصَّلاَةُ فَلاَ تَقُومُوا حَتَّى تَرَوْنِي خَرَجْتُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَسٍ وَحَدِيثُ أَنَسٍ غَيْرُ مَحْفُوظٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي قَتَادَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ كَرِهَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنْ يَنْتَظِرَ النَّاسُ الإِمَامَ وَهُمْ قِيَامٌ . وَقَالَ بَعْضُهُمْ إِذَا كَانَ الإِمَامُ فِي الْمَسْجِدِ فَأُقِيمَتِ الصَّلاَةُ فَإِنَّمَا يَقُومُونَ إِذَا قَالَ الْمُؤَذِّنُ قَدْ قَامَتِ الصَّلاَةُ قَدْ قَامَتِ الصَّلاَةُ . وَهُوَ قَوْلُ ابْنِ الْمُبَارَكِ .

বাংলা

৫৯২. আহমদ ইবনু মুহাম্মাদ (রহঃ) ....... আবূ কাতাদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ সালাতের ইকামত যখন হয় তখন আমাকে বের হতে না দেখা পর্যন্ত তোমরা দাঁড়াবে না। - সহিহ আবু দাউদ ৫৫০, আর রাউজুন নাযীর ১৮৩, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৯২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস রাদিয়াল্লাহু আনহ থেকেও হাদীস বর্ণিত আছে। তবে আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি মাহফূয (সংরক্ষেত) নয়। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবূ কাতাদা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। একদল সাহাবী ও আলিম দাঁড়িয়ে ইমামের ইন্তিজার (অপেক্ষা) করা মাকরূহ বলে মত প্রকাশ করেছেন। কেউ কেউ বলেনঃ ইমাম মসজিদে অবস্থানরত থাকা অবস্থায় যদি সালাতের ইকামত হয় তবে মুয়াজ্জীন যখন قَدْ قَامَتْ الصَّلَاةُ বলবে, তখন মুসল্লিরা দাঁড়াবে। এ হ'ল ইবনু মুবারক (রহঃ)-এর অভিমত।

## English

Abdullah bin Abi Qatadah narrated from his father that :
the Messenger of Allah said: "When the Iqamah is called for the prayer, then do not stand until you see that I have come out."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17781

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন